গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ
(এআরএসএস) প্রকল্প-২০১৭
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

১।	প্রকল্পের নাম	:	Agriculture and Rural Statistics Survey(ARSS) Project-2017 কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ (এআরএসএস) প্রকল্প-২০১৭	
২।	মন্ত্রণালয়/বিভাগের	:	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়	
৩।	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	
৪।	সংশ্লিস্ট বিভাগ	:	আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়	
৫।	সেক্টর	:	স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ	
৬।	সাব-সেক্টর	:	জনসংখ্যা ও পরিবার কল্যাণ	
৭।	বাস্তবায়ন কাল	:	জুলাই ২০১৭ হতে ডিসেম্বর ২০১৮	
৮।	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	:	৩৯৮.০০ লক্ষ টাকা। স্থানীয় মুদ্রা – ৩৯৮.০০ লক্ষ টাকা বৈদেশিক মুদ্রা - নেই	
৯।	অর্থয়ান ব্যবস্থা (লক্ষ টাকায়)	:	মোট – ৩৯৮.০০ লক্ষ টাকা। জিওবি – ৩৯৮.০০ লক্ষ টাকা। প্রকল্প সাহায্য - নেই। টাকাংশ- নেই।	
১০।	প্রকল্পের বছর ভিত্তিক ব্যয় বরাদ্দ	:	অর্থ বৎসর	বরাদ্দ
			২০১৭-২০১৮	২৮৫.৬৯ লক্ষ টাকা।
			২০১৮-২০১৯	১১২.৩১ লক্ষ টাকা।
১১।	অনুমোদন পর্যায়	:	অনুমোদিত	
১২।	প্রকল্প এলাকা	:	সমগ্র বাংলাদেশে নমুনায়নের মাধ্যমে ২০০০টি পিএসইউ এলাকায় হতে আশি হাজার খানায় কৃষি ও পল্লী পরিসংখ্যানের তথ্য সংগ্রহ করা হবে।	
১৩।	(ক) পটভুমি	:	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো সরকারের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন এবং পরিসংখ্যান ব্যবহারকারী অংশিজনদের চাহিদা অনুযায়ী বিভিন্ন শুমারির ও জরিপের মাধ্যমে তথ্য সংগ্রহ করে থাকে। বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কৃষি খাতের ভুমিকা অপরিসীম। মোট দেশীয় উৎপাদনে (জিডিপি) এ খাতের অবস্থান শতকরা ১৬.৭৮ ভাগ। দেশের মোট জনসংখ্যার ৭২ ভাগ পল্লী এলাকায় বাস করে। সুতরাং পল্লী এলাকার এই বিশাল জনগোষ্ঠীর উন্নয়নের উপরে দেশের সার্বিক উন্নয়ন নির্ভর করে। এ ছাড়া দেশেরে মোট শ্রম শক্তির শতকরা ৪৭ ভাগের বেশী এই সেক্টরে নিয়োজিত। জাতীয় ও স্থানীয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনায় তথ্যের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। পরিসংখ্যান আইন ২০১৩ অনুযায়ী কৃষি সেক্টরের (শস্য, প্রাণীসম্পদ, মৎস্য) তথ্য সেন্সাস ও সার্ভের মাধ্যমে সংগ্রহ ও প্রকাশ করা। সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার মূল লক্ষ্য হলো জাতীয় অগ্রাধিকারঃ নিরাপদ খাদ্য ও খাদ্য নিরাপত্তার প্রয়োজনীয় উপাত্ত প্রস্তুত করা। এছাড়া সরকারের টেকশই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) বাস্তবায়নে National Strategy for the Development of Statistics (NSDS) এ কৃষি সেক্টরের তথ্য সংগ্রহ, সংকলন ও প্রকাশের ক্ষেত্রে সময়াবদ্ধ Strategic Goal নির্ধারন করা আছে। উক্ত Strategic Goal-5 এর Improving different types of Important Rural Agricultural Statistics এর আলোকে কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ-২০১৭ (Agricultural and Rural Statistics Survey 2017) শীর্ষক প্রকল্পটি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক গৃহিত হয়েছে। সেপ্রেক্ষিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করে।	
	(খ) প্রকল্পের উদ্দেশ্যে	:	(ক) পল্লী এলাকায় খানা ভিত্তিক আর্থ-সামাজিক অবস্থার তথ্য সংগ্রহ করা; (খ) মালিকানাভিত্তিক কৃষি জমি সংক্রান্ত তথ্য সংগ্রহ করা; (গ) জিডিপি মান উন্নয়নের জন্য কৃষি কাজে ব্যবহৃত সেচ, সার, বীজ, বালাইনাশক	

			সংগ্রহ করা; (ঙ) কৃষি ঋণ এবং ঋণের ব্যবহার সংক্রান্ত তথ্য সংগ্রহ করা; (চ) কৃষি শ্রমিক, কর্মঘন্টা ও শ্রমিক মজুরী হার সম্পর্কে তথ্য বিশ্লেষণ করা; (ছ) লিঙ্গ সমতা পরিসংখ্যান ও নারীর ক্ষমতায়ন সংক্রান্ত তথ্য সংগ্রহ করা।
১৪।	(ক) প্রকল্পের আওতায় গৃহীতব্য কার্যাবলী/প্রধান প্রধান অঙ্গের বিবরণ	:	কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ শুরুতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জেলা ও উপজেলা অফিসের মাধ্যমে সমগ্র দেশের ২০০০টি নমুনা এলাকায় তালিকা তৈরী করা হবে। তৈরীকৃত তালিকা হতে Systematic Random Sampling পদ্ধতি ৪০টি খানা হতে তথ্য সংগ্রহ করা হবে। গণনাকারী এবং সুপারভাইজিং কর্মকর্তা নিয়োগ করা হবে। একটি ম্যানুয়েল ও প্রশ্নপত্র তৈরী করা হবে। প্রশ্নপত্রের মাধ্যমে দেশের সকল নমুনা এলাকায় কৃষি ও পল্লী পরিসংখ্যানের তথ্য সংগ্রহ করা হবে। প্রশ্নপত্র থেকে তথ্য কম্পিউটারে ধারণ করে একটি রিপোর্ট প্রস্তুত করা হবে।
	(খ) প্রকল্পের ফলাফল (৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার উন্নয়ন ফলাফল কাঠামোতে (১ম খন্ডে) চিহ্নিত ক্ষেত্রে প্রকল্প কি কি অবদান রাখবে।	:	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সরকারের সার্বিক পরিকল্পনা ক্ষেত্রে প্রয়োজনীয় পরিসংখ্যান প্রদান করে থাকে। এ ছাড়াও জাতীয় পরিসংখ্যান উন্নয়ন কৌশলপত্র (NSDS) অনুযায়ী পরিসংখ্যান ব্যবহারকারী অংশীজনদের প্রয়োজন অনুযায়ী সঠিক পরিসংখ্যান সরবরাহ করা অন্যতম একটি লক্ষ (linked with the National Strategy for the Development of Statistics (NSDS)'Goal-5)। প্রস্তাবিত জরিপটি কৃষি সম্পর্কিত (জাতীয় অগ্রাধিকারঃ নিরাপদ খাদ্য ও খাদ্য নিরাপত্তা) ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রয়োজনীয় উপাত্ত অন্তর্ভুক্ত করার জন্য ধার্য করা হয়েছে। সংগৃহীত উপাত্ত পরোক্ষভাবে কৃষি পণ্য উৎপাদনশীলতা বৃদ্ধি, পর্যবেক্ষণ প্রক্রিয়া পর্যালোচনায় এবং শস্য উৎপাদনের ফলন ব্যবধান কমানোর প্রচেষ্টা অগ্রগতি মূল্যায়নে সহায়তা করবে। এছাড়াও প্রস্তাবিত জরিপটি এসডিজি'র দুটি গুরুত্বপূর্ণ লক্ষ্যমাত্রা, নামস্বরূপ লক্ষ্যমাত্রা ২ (খাদ্য নিরাপত্তা, উন্নত পুষ্টি এবং টেকসই কৃষি; লক্ষ্য ২.৩, ২.৪ এবং ২.গ) এবং লক্ষ্যমাত্রা ৫ (লিঙ্গ সমতা এবং নারী ও মেয়ে শিশুর ক্ষমতায়ন; লক্ষ্য ৫.১) পূরণে সহায়তা করবে। তাছাড়াও প্রস্তাবিত জরিপে কিছু নতুন উপাদান (যান্ত্রিকীকরণ এবং কৃষি মূল্য শৃঙ্খল) থাকবে যা অন্যান্য ভবিষ্যত গবেষণার ভিত্তি হিসেবে কাজ করবে। তাই প্রস্তাবিত প্রকল্প ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ।
১৫।	শুমারিতে তথ্য সংগ্রহের বিষয়াবলী	:	উল্লেখিত শুমারিতে নিম্ন বর্ণিত বিষয়াদি সম্পর্কে তথ্য সংগ্রহ করা হবে। পল্লী এলাকায় খানার আর্থ-সামাজিক অবস্থান, মালিকানা ভিত্তিক কৃষি জমি, কৃষি কাজে ব্যবহৃত সেচ, সার, বীজ, বালাইনাশক ও কীটনাশক, কৃষি ঋণ এবং ঋণের ব্যবহার, কৃষি যন্ত্রপাতি, যাতায়াত, কৃষি পণ্য বিপণন এবং কৃষি মূল্য শৃঙ্খল, কৃষি শ্রমিক, কর্মঘন্টা ও শ্রমিক মজুরী হার, লিঙ্গ সমতা পরিসংখ্যান ও নারীর ক্ষমতায়ন সংক্রান্ত ইত্যাদি।
১৬।	ইতোপূর্বে এডিপিতে অন্তর্ভূক্ত/ বরাদ্দবিহীন ভাবে সংযুক্ত ছিল কিনা।	:	২০১৬-১৭ অর্থ বছরের আরএডিপিতে অন্তর্ভূক্ত আছে। (ক্রমিক-৭৮৯, পৃষ্ঠা-৮০৭)

(মোঃ আখতার হাসান খান)
প্রকল্প পরিচালক
কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ
(এআরএসএস) প্রকল্প-২০১৭
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।